বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৭ তারিখ: ২৪ পৌষ ১৪২৯
০৮ জানুয়ারি ২০২৩

বিষয়: **বাংলাদেশ জাতীয় সংসদ সংশ্লিষ্ট কাজের বিষয়ে পাসম এর নির্দেশনা প্রতিপালন প্রসংগে।**

সূত্র: উন্নয়ন-৫ অধিশাখা, পাসম এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৮.০৯.০০১.১৯.৩০২, তারিখঃ ০৯.১১.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ০২ নভেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদের প্রশ্নোত্তরসহ অন্যান্য কাজের বিষয়ে দিক নির্দেশনামূলক একটি সভা অনুষ্ঠিত হয়। সূত্রস্থ স্মারকে পানি সম্পদ মন্ত্রণালয় হতে উক্ত সভায় মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে মাঠপর্যায়ে প্রতিপালনের জন্য মহাপরিচালক, বাপাউবো বরাবর প্রেরণ করা হয়েছে। সূত্রস্থ স্মারকে প্রেরিত পত্রের আলোকে প্রদত্ত নির্দেশনাসমূহ মাঠপর্যায়ে যথাযথভাবে প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ স্মারকের পত্রটি অত্রসাথ প্রেরণ করা হলো।

পাসম প্রদত্ত নির্দেশনার আলোকে মাঠ পর্যায়ে বাপাউবো'র নির্বাহী প্রকৌশলী সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় মাননীয় সংসদ সদস্যের সাথে প্রতি ১৫ দিন অন্তর সাক্ষাত করবেন। সাক্ষাতকালীন সময়ে মাননীয় সংসদ সদস্যের নির্বাচনী এলাকায় বাপাউবো'র কাজ সম্পর্কে তাঁকে অবহিত করবেন এবং মাননীয় সংসদ সদস্যের কোন জানার বিষয়/অনুরোধ থাকলে তার উত্তর প্রদানপূর্বক সাক্ষাতের সামগ্রিক তথ্যাদি প্রধান প্রকৌশলী, পরিকল্পনা এর দপ্তর এবং কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বরাবর প্রতি ১৫ দিন পরপর প্রেরণ নিশ্চিত করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ সূত্রস্থ স্মারকের পত্রটি।

৮-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/ফরিদপুর/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৭/১(৫)

তারিখ: ২৪ পৌষ ১৪২৯
০৮ জানুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১) অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিয়ন, বাপাউবো, ঢাকা।

২) অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।

৩) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

৪) সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৮-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

**সংসদ অগ্রাধিকার**

**অতি জরুরী**

১। অমপ (পূর্ব/পশ্চি/পরি/প্রশাসন/অর্থ)/ প্রঃ প্রকৌঃ (পরি/মনি)
২।
★ অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।
★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন প্রেরণ করুন।
★ পরীক্ষা করে পেশ করুন।
★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।
★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন
★ আলাপ করুন

মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৫ অধিশাখা
www.mowr.gov.bd

স্মারক নং-৪২.০০.০০০০.০৩৮.০৯.০০১.১৯-৩০২

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের বাংলাদেশ জাতীয় সংসদ সংশ্লিষ্ট কাজের বিষয়ে নির্দেশনা।

সূত্র: *গত ০২ নভেম্বর ২০২২ তারিখে জাতীয় সংসদ সংশ্লিষ্ট কাজের বিষয়ে দিক নির্দেশনামূলক সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী এর নির্দেশনা।*

পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জাহিদ ফারুক, এমপি এর সভাপতিত্বে গত ০২ নভেম্বর ২০২২ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদের প্রশ্নোত্তনসহ অন্যান্য কাজের বিষয়ে দিক নির্দেশনামূলক একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় প্রতিমন্ত্রী নিম্নলিখিত নির্দেশনাসমূহ প্রদান করেন:

১. প্রতিটি জেলায় দায়িত্বপ্রাপ্ত বাপাউবোর নির্বাহী প্রকৌশলী সেই জেলার মাননীয় সংসদ সদস্যের সাথে প্রতি ১৫ দিন অন্তর সাক্ষাতপূর্বক তাঁর নির্বাচনী এলাকায় বাপাউবোর কাজ সম্পর্কে তাঁকে অবহিত করবেন এবং মাননীয় সংসদ সদস্যের কোন জিজ্ঞাসা/অনুরোধ থাকলে তার উত্তর প্রদানপূর্বক প্রয়োজনে মাননীয় প্রতিমন্ত্রীকে অবহিত করবেন এবং তথ্যসমূহ নিয়মিত bwdb.gov.bd এর নির্দিষ্ট লিংক এ upload করবেন।

২. মাঠ পর্যায় থেকে সংসদ বিষয়ক প্রশ্নের উত্তর এবং প্রকল্প সংশ্লিষ্ট তথ্য প্রদানের ক্ষেত্রে সময় ক্ষেপন করা হয়। কোন কোন ক্ষেত্রে আবার অসম্পূর্ণ/অপ্রয়োজনীয় তথ্য প্রদান করা হয়ে থাকে যা সম্পূর্ণরূপে অনাকাঙ্খিত। ফলে বাপাউবো/মন্ত্রণালয়ের সংশ্লিস্ট ডেস্কে এসকল তথ্য যাচাই বাছাই করার জন্য পর্যাপ্ত সময় থাকে না। ফলশ্রুতিতে জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর প্রদানকালে কখনও কখনও মাননীয় প্রতিমন্ত্রী বিব্রত হন।

৩. প্রশ্নোত্তর প্রদানের ক্ষেত্রে মাঠ পর্যায় থেকে সংক্ষেপে মূল উত্তর প্রদান এবং মূল উত্তরের সাথেই সংক্ষিপ্তরূপে সদ্য সমাপ্ত কাজের ব্যয়, মেয়াদসহ প্রযোজ্য অন্যান্য তথ্য এমনভাবে উপস্থাপন করতে হবে যেন সম্পূরক প্রশ্নের অবকাশ না থাকে। সম্পূরক প্রশ্ন এবং উত্তরগুলোও যথাসম্ভব প্রাসজ্ঞিক হতে হবে।

৪. সকল কর্মকর্তার যার যার ডেস্কে ব্যস্ততা আছে এবং থাকবে। কিন্তু সংসদ অগ্রাধিকার। সংসদ বিষয়ক চাহিত যে কোন তথ্য সর্বাধিক গুরুত্ব সহকারে অগ্রাধিকার ভিত্তিতে সঠিক এবং পূর্ণাজ্ঞ তথ্য প্রদান করতে হবে। অন্যথায় কোন কর্মকর্তার অবহেলা প্রকাশ পেলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

(নাসরিন আলম সাথী)
কাউন্সিল অফিসার (উপসচিব)
ফোন: ৫৫১০১২৮০
E-mail: dev5@mowr.gov.bd

কার্যার্থে:

১. মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২. মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৩. মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৪. মহাপরিচালক, নদী গবেষনা ইন্সটিটিউট।
৫. সদস্য, যৌথ নদী কমিশন।

ডায়েরী নং ফাইল নং তারিখ:
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রসেসিং/কো কন্ট্রোঃ (ইস্ট/ ওয়েস্ট)/জি. আই এস)
সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি)
নির্বাহী প্রকৌশলী-১/২/৩/৪
উপ-পরিচালক (প্রশাসন)
উপ- বিভাগীয়/সহকারী প্রকৌশলী-১/২/৩/৪/৫
সহকারী পরিচালক (প্রশাসন)
উপহিসাব হিসাব সহকারী
প্রধান প্রকৌশলী, মনিটরিং
বাপাউবো, ঢাকা
• জরুরী/অতি জরুরী
• উপস্থাপন করুণ
• প্রয়োজনীয় ব্যবস্থা নিন
• নথিতে পেশ করুন
• আলোচনা করুন
• নথিতে রাখুন
• তাগিদ পত্র দিন

অনুলিপি:

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, [illegible]
৩. [illegible]
৪. [illegible]